

**বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন**  
**বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।**

**স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ শীর্ষক কর্মপরিকল্পনা**

দেশের জ্বালানি তেল আমদানি, সঞ্চালন, পরিবহন, বিতরণ এবং সরবরাহ সংক্রান্ত কার্যক্রম বিপিসি এবং এর আওতাধীন কোম্পানিসমূহ সম্পাদন করে থাকে। বাংলাদেশ সরকারের ভিশন ২০৪১ এর আলোকে স্মার্ট বাংলাদেশ লক্ষ্যমাত্রা নিশ্চিতকল্পে বিপিসি নিম্নোক্ত কর্মপরিকল্পনা গ্রহণের উদ্যোগ নিয়েছেঃ

**স্বল্পমেয়াদী উদ্যোগ (Short term) (বাস্তবায়ন সময়কাল: জানু'২০২৪ - ডিসে'২০২৫)**

ক্র:	কর্মপরিকল্পনার আওতায় গৃহীত উদ্যোগের নাম
১	বিপিসি'র অধীনস্থ কোম্পানিসমূহের স্থাপনা/প্ল্যান্টসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে আধুনিক আইপি ক্যামেরা মনিটরিংয়ের লক্ষ্যে ড্যাশবোর্ড ব্যবস্থা চালুকরণ।
২	জ্বালানি তেল আমদানি ও বিতরণ সংক্রান্ত ট্যাংক-লরী এর নিরাপত্তা নিশ্চিতকল্পে জিপিএস ট্রাকার মনিটরিং ব্যবস্থা চালুকরণ।
৩	জ্বালানি তেল পরিবহন কাজে নিয়োজিত অয়েল ট্যাংকার মনিটরিংয়ের লক্ষ্যে গুগল ম্যাপের সঙ্গে সমন্বয় করে Automatic Identification System (AIS) ব্যবস্থা বাস্তবায়ন।
৪	সেবা সহজীকরণ ও গ্রাহক ভোগান্তি দূরীকরণে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর অনুকূলে ৫(পাঁচ) ডিজিটের হটলাইন নাম্বার চালুকরণ।
৫	ওয়েব বেইজড বিটুমিন অর্ডার এন্ড ডেলিভারি সিস্টেম বাস্তবায়ন।
৬	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়নে সভা/কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন এবং দেশে ও বিদেশে বিভিন্ন কার্যক্রম সরেজমিনে পরিদর্শন।
৭	ইআরএল-এ স্মার্ট কোয়ালিফিকেশন অফ রিসিপশন এন্ড ডেলিভারি অফ পেট্রোলিয়াম প্রোডাক্টস ব্যবস্থা চালুকরণ।
৮	ইআরএল-এ ডেভেলপমেন্ট অফ ইলেক্ট্রনিক ডাটাবেজ এন্ড মনিটরিং সিস্টেম অফ ইআরএল ইকুইপমেন্টস বাস্তবায়ন।
৯	এলপি গ্যাস লিমিটেড-এ এলপিজি সিলিন্ডার অটোমেটিক লোডিং ও আনলোডিং ব্যবস্থা চালুকরণ।
১০	এসএওসিএল-এর ডেলিভারী ভ্যান সমূহে জিপিএস ট্রাকার মনিটরিং ব্যবস্থা চালুকরণ।

## মধ্য মেয়াদী (Mid term) (বাস্তবায়ন সময়কাল: জানু'২০২৬ - ডিসে'২০৩০)

ক্র:	কর্মপরিকল্পনার আওতায় গৃহীত উদ্যোগের নাম
১	বিপিসি'র আওতাধীন বিপণন কোম্পানিসমূহের সকল প্রধান স্থাপনাসমূহ Automation সম্পন্নকরণ।
২	সেক্টরভিত্তিক জ্বালানি তেলের ব্যবহার সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুতের লক্ষ্যে ডিলার/এজেন্ট এবং গ্রাহকদের নিকট হতে তথ্য সংগ্রহের নিমিত্ত এ্যাপসভিত্তিক ডাটাবেজ প্রস্তুতকরণ।
৩	জ্বালানি তেলের ভবিষ্যত চাহিদার প্রাক্কলন প্রস্তুত এবং আন্তর্জাতিক বাজার গবেষণা ও জ্বালানি তেলের সোর্সিং এবং বিকল্প জ্বালানি তেলের বাজার বিশ্লেষণের লক্ষ্যে বিপিসি ও কোম্পানির সমন্বয়ে একটি বিশেষায়িত গবেষণা সেল স্থাপন।
৪	মোবাইল ফ্যাইন্যান্সিয়াল সিস্টেম এবং বিভিন্ন ডেবিট/ক্রেডিট কার্ড-এর মাধ্যমে জ্বালানি তেলের বিল পরিশোধ ব্যবস্থা এবং বিলের হালনাগাদ তথ্য ও প্রত্যয়নপত্র সংগ্রহ ব্যবস্থা চালুকরণ।
৫	জ্বালানি তেল মজুদ, আমদানি, বিতরণ এবং সরবরাহ সংক্রান্ত রিয়েল টাইম ডাটা প্রাপ্তির লক্ষ্যে ড্যাশবোর্ড চালুকরণ।
৬	জ্বালানি তেল আমদানি ও বিপণন স্থাপনা/প্ল্যান্টসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে অটোমেটিক ফায়ার এন্ড গ্যাস ডিটেকশন সিস্টেম স্থাপন ব্যবস্থা বাস্তবায়ন।

## দীর্ঘমেয়াদী (Long term) (বাস্তবায়ন সময়কাল: জানু'২০৩১ - ডিসে'২০৪১)

ক্র:	কর্মপরিকল্পনার আওতায় গৃহীত উদ্যোগের নাম
১	বিপিসি'র আওতাধীন বিপণন কোম্পানিসমূহের সকল ডিপো/প্ল্যান্টসমূহ Automation সম্পন্নকরণ।
২	বিপিসি'র আওতাধীন বিপণন কোম্পানিসমূহের সকল ফিলিং স্টেশনসমূহ Automation সম্পন্নকরণ।
৩	মানসম্মত জ্বালানি তেল সরবরাহ নিশ্চিতকল্পে প্রতিটি ডিপোতে আধুনিক মানের ল্যাবরেটরী স্থাপন এবং দক্ষ জনবল পদায়ন।
৪	জ্বালানি তেলের নিরাপত্তা সুদৃঢ় করার লক্ষ্যে দেশের স্টোরেজ ক্যাপাসিটি ৯০ দিনে উন্নীতকরণ।
৫	বিপিসি এবং এর আওতাধীন ৮টি কোম্পানির জন্য সমন্বিত ১টি Enterprise Resource Planning (ERP) বাস্তবায়ন।
৬	সরকারের অগ্রাধিকার অর্থনৈতিক অঞ্চল এবং বিভাগীয় শহরের AI Tools ব্যবহার সম্মিলিত বিপিসি ও কোম্পানির নিজস্ব ফিলিং স্টেশন চালুকরণ।
৭	জ্বালানি তেলের ভোক্তাদের সহজে জ্বালানি প্রাপ্তি নিশ্চিতকল্পে পাইলটিং হিসেবে দেশের কিছু ফিলিং স্টেশন-এ ডিজিটাল লেনদেন চালুকরণ, ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে ডিজিটাল পদ্ধতিতে মানুষবিহীন সেবা প্রদানের জন্য আধুনিক মানের ডিসপেনসিং ইউনিট চালুকরণ।